## নয়াদিগন্ত



বিশ্ব দর্শন দিবস উপলক্ষে গতকাল টিএসসিতে আলোচনা সভায় বক্তব্য রাখছেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ■ নয়া দিগন্ত

### ঢাবিতে বিশ্ব দর্শন দিবস পালিত

বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে বিশ্ব দর্শন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে ঢাবি দর্শন বিভাগ, গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্র এবং নৈতিক উন্নয়ন কেন্দ্র যৌথভাবে দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করে। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে ফিলোসফি ফর এন ইনক্লুসিভ অ্যান্ড সাসটেইনেবল ফিউচার। ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে (টিএসসি) আয়োজিত এ আলোচনা সভায় ঢাকা ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুল উলায়ী'র সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ■ ৪র্থ পৃ: ১-এর কলামে

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে

৩য় পৃষ্ঠার পর

ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। 'বাংলাদেশে ২০২৪ গণঅভ্যুত্থানের দর্শন : ইসলামী দৃষ্টিভঙ্গি' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের অধ্যাপক আ খ ম ইউনুস। এ ছাড়া, দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক ড. কাজী এ এস এম নুরুল হুদা ও সরকারি তিতুমীর কলেজ দর্শন বিভাগের অধ্যাপক মালেকা আক্তার চৌধুরী অনুষ্ঠানে বক্তব্য দেন। অধ্যাপক মো: নূরুজ্জামান ধন্যবাদ জ্ঞাপন করেন। বিজ্ঞপ্তি।

## The New Age

### DU celebrates World Philosophy Day

Staff Correspondent

THE University of Dhaka celebrated the World Philosophy Day on the campus in the capital on Thursday.

The DU philosophy department, Dev Centre for Philosophical Studies, and Moral Development Centre jointly organised day-long programmes under the theme Philosophy for an Inclusive and Sustainable Future, said a press release.

Presided over by the philosophy department chairman Shah Kawthar Mustafa Abululayee, the DU vice-chancellor Professor Niaz Ahmed Khan was present as chief guest and faculty of arts dean Professor Mohammad Siddiqur Rahman Khan attended as special guest at a discussion at the Teacher-Student Centre.

Professor AKM Yunus of the department presented the keynote entitled Philosophy of 2024 People's Uprising in Bangladesh: Islamic Perspective at the discussion.

Highlighting the importance of philosophy education, Niaz Ahmed Khan said, 'We need to strengthen our moral philosophy and ideals through the practice of self-improvement and self-criticism.'

He also said the distance between people was increasing as various divisions were being created in society now.

# আলোকিত বাংলাদেশ




## দেশে ফিরেছেন ঢাবি উপাচার্য

আলোকিত ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ৭ দিনের চীন সফর শেষে গত বুধবার দেশে ফিরেছেন। চীনের ইউনান বিশ্ববিদ্যালয়ের ভাইস-প্রেসিডেন্ট, সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ এডুকেশন অ্যান্ড কো-অপারেশনের মহাপরিচালক, চাইনিজ ইন্টারন্যাশনাল এডুকেশন ফাউন্ডেশনের মহাসচিব এবং ইন্টারন্যাশনাল সোসাইটি ফর চাইনিজ ল্যাঙ্গুয়েজ টিচিং এর প্রেসিডেন্ট-এর আমন্ত্রণে তিনি এই সফর করেন। সফরকালে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান চীনের বেইজিং-এ অনুষ্ঠিত ওয়ার্ল্ড চাইনিজ ল্যাঙ্গুয়েজ কনফারেন্স এবং কুনমিং-এ অনুষ্ঠিত কনফুসিয়াস ইনস্টিটিউটের যৌথ বোর্ড সভায় যোগদান করেন। চীনের ভাইস-প্রেসিডেন্ট মি. হান ঝেং এবং শিক্ষামন্ত্রী ড. হুয়াই জিনপেং ওয়ার্ল্ড চাইনিজ ল্যাঙ্গুয়েজ কনফারেন্সে উপস্থিত ছিলেন।

## ভোরের ডাক



### ঢাবি প্রো-ভাইস চ্যান্সেলরের সঙ্গে জাপানের অধ্যাপকের সাক্ষাৎ

জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কেইচি ওগাওয়া গত ২০ নভেম্বর বুধবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ-এর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় বিশ্ববিদ্যালয়ের জাপানিজ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. মো. জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন।

## জনকণ্ঠ

### ঢাবি প্রো-ভিসির সঙ্গে জাপানি অধ্যাপকের সাক্ষাৎ

জনকণ্ঠ ডেস্ক ॥ জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কেইচি ওগাওয়া বুধবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের জাপানিজ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. মো. জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। জ্ঞান ও অভিজ্ঞতা আদান-প্রদান এবং একাডেমিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের সম্ভাব্যতা নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। এছাড়া,দু'বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে সম্মেলন, সেমিনার, সিম্পোজিয়াম ও বিশেষ বক্তৃতা আয়োজনের বিষয়ে তারা আলোচনা করেন। -বিজ্ঞপ্তি

## আমাদের সময়

### ঢাবি উপ-উপাচার্যের সঙ্গে জাপানের অধ্যাপকের সাক্ষাৎ

জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কেইচি ওগাওয়া বুধবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) ড. মামুন আহমেদের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের জাপানিজ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. মো. জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে—বিশেষ করে ঢাবি এবং জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক কার্যক্রম আরও জোরদারের ব্যাপারে আলোচনা করেন। এ বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্যে পৌঁছান। বিজ্ঞপ্তি।

## The F. Express

### DU students to enjoy shuttle bus service

For the first time, Dhaka University (DU) is going to launch a shuttle bus service for its students. The service, which will operate on a trial basis for three months, is expected to be inaugurated by DU Vice-Chancellor, Professor Dr. Niaz Ahmad Khan, in the last week of this month. Prof Dr. Mohammad Jahangir Alam Chowdhury, treasurer at the university, inspected the buses designated for the shuttle service on Thursday (November 21). — UNB

## আমাদের সময়

### ঢাবি ক্যাম্পাসে চালু হচ্ছে শাটল বাস

ঢাবি প্রতিবেদক ● ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু হচ্ছে। পরীক্ষামূলকভাবে আগামী তিন মাসের জন্য এই সার্ভিস চালুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান চলতি মাসের শেষ সপ্তাহে এ সার্ভিস উদ্বোধন করবেন।

গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, তিনটি নন-এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের তিনটি রুটে চলাচল করবে।

## প্রথম আলো

### ছাত্র সংসদ নির্বাচন চায় ঢাবির বিভিন্ন ছাত্রসংগঠন

**ছাত্রসংগঠন-প্রশাসন সংলাপ**

**প্রতিবেদক,** *ঢাকা বিশ্ববিদ্যালয়*

ছাত্র সংসদ নির্বাচনসহ বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিবেশ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেছে ক্রিয়াশীল বিভিন্ন ছাত্রসংগঠনের প্রতিনিধিরা। গত বুধবার বিভিন্ন ছাত্রসংগঠনের সঙ্গে দ্বিতীয় দফায় সংলাপের আয়োজন করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। উপাচার্যের সভাকক্ষে অনুষ্ঠিত এ আলোচনায় ছাত্রসংগঠনের নেতারা বিভিন্ন দাবিদাওয়া ও প্রস্তাব তুলে ধরেন।

এ সংলাপে ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্রশিবির, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, বিপ্লবী ছাত্র মৈত্রী, গণতান্ত্রিক ছাত্র কাউন্সিল, ইসলামী ছাত্র আন্দোলন, ছাত্র অধিকার পরিষদ, স্বাধীন বাংলাদেশ ছাত্র সংসদ, পার্বত্য চট্টগ্রাম ছাত্র সংসদ, ছাত্র ফেডারেশন, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টসহ (মার্ক্সবাদী) বিভিন্ন ছাত্রসংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এর আগে গত ২১ সেপ্টেম্বর ক্যাম্পাসের ১০টি ছাত্রসংগঠনের নেতাদের সঙ্গে মতবিনিময় করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

সংলাপের বিষয়ে ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন প্রথম আলোকে বলেন, 'আমরা বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিবেশ নিয়ে কথা বলেছি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিশ্চিত করা, আওয়ামী সিন্ডিকেট ভেঙে দেওয়া, হলের খাবারের মান উন্নত করার বিষয়ে আমরা দাবি জানিয়েছি। পাশাপাশি ডাকসু নির্বাচন যেন দ্রুত সময়ের মধ্যে আয়োজন করা হয়, আমরা সেই দাবি জানিয়েছি। তাঁরাও এসব বিষয়ে আমাদের আশ্বস্ত করেছেন।'

ছাত্র ইউনিয়নের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মেঘমল্লার বসু সংলাপ প্রসঙ্গে বলেন, 'আমরা ডাকসুর গঠনতান্ত্রিক সংস্কার ও ভাস্কর্যনীতি তৈরির প্রস্তাব দিই।'

সংলাপে অংশ নেওয়া প্রায় সব ছাত্রসংগঠনের নেতারা দ্রুত সময়ের মধ্যে ছাত্র সংসদ কার্যকর করার দাবি জানান। তাঁরা ডাকসুর গঠনতান্ত্রিক পরিবর্তনও চান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়াজ আহমদ খান সংলাপে সভাপতিত্ব করেন।